তারিখ 01-JAN-2015
পৃষ্ঠা ২ কলাম ১

# ঢাবি শিক্ষক সমিতি নির্বাচনে নীল দলের নিরঙ্কুশ জয়

■ বিশ্ববিদ্যালয় প্রতিবেদক

ঢাকা বিশ্ববিদ্যালয় (ঢাবি) শিক্ষক সমিতির নির্বাচনে নিরঙ্কুশ জয় পেয়েছে নীল দল। ১৫টি পদের সবক'টিতে বিএনপি-জামায়াত সমর্থক সাদা দলের প্রার্থীদের হারিয়ে বিজয়ী হয়েছেন আওয়ামী লীগ ও বাম সমর্থক নীল দলের প্রার্থীরা। নির্বাচনে বর্তমান সভাপতি সামাজিক বিজ্ঞান অনুষদের ডিন অধ্যাপক ফরিদ উদ্দিন আহমেদ ও বর্তমান সাধারণ সম্পাদক আর্থ অ্যান্ড এনভায়রনমেন্টাল সায়েন্সেস অনুষদের ডিন অধ্যাপক এএসএম মাকসুদ কামাল পুনর্নির্বাচিত হয়েছেন। গতকাল বুধবার সকাল ১০টা থেকে দুপুর ২টা পর্যন্ত বিশ্ববিদ্যালয় ক্লাবে এই নির্বাচন অনুষ্ঠিত হয়। ভোট গণনা শেষে বিকেল সোয়া ৪টার দিকে নির্বাচন পরিচালক অধ্যাপক শফিকুজ্জামান এই ফল ঘোষণা করেন।

অন্য বিজয়ীরা হলেন : সহসভাপতি- ম্যানেজমেন্ট ও ইনফরমেশন বিভাগের অধ্যাপক হাসিবুর রশীদ, কোষাধ্যক্ষ- বিজনেস স্টাডিজ অনুষদের ডিন অধ্যাপক শিবলী রুবাইয়াতুল ইসলাম, যুগ্ম সাধারণ সম্পাদক- সিনেট সদস্য অধ্যাপক আফতাব আলী শেখ এবং সদস্য- কলা অনুষদের ডিন অধ্যাপক আখতারুজ্জামান, ক্রিমিনোলজি বিভাগের চেয়ারম্যান অধ্যাপক জিয়াউর রহমান, টেলিভিশন ও চলচ্চিত্র অধ্যয়ন বিভাগের চেয়ারম্যান অধ্যাপক এজেএম শফিউল আলম ভূঁইয়া, খাদ্য ও পুষ্টিবিজ্ঞান ইনস্টিটিউটের অধ্যাপক নিজামুল হক ভূঁইয়া, অণুজীব বিজ্ঞান বিভাগের অধ্যাপক সাবিতা রিজওয়ানা রহমান; আইন বিভাগের অধ্যাপক রহমত উল্লাহ, ইংরেজি বিভাগের সহযোগী অধ্যাপক তাজিন আজিজ চৌধুরী, মার্কেটিং বিভাগের অধ্যাপক মুবিনা খন্দকার, বাংলা বিভাগের অধ্যাপক সৌমিত্র শেখর ও ফলিত গণিত বিভাগের চেয়ারম্যান অধ্যাপক আবদুস ছামাদ।

অধ্যাপক শফিকুজ্জামান জানান, শিক্ষক সমিতির এক হাজার ৯০২ জন ভোটারের মধ্যে এক হাজার ৩৬৫ জন ভোট দিয়েছেন।

পরাজিত সভাপতি প্রার্থী সাদা দলের নেতা অধ্যাপক আখতার হোসেন খান বলেন, নিজেদের সাংগঠনিক দুর্বলতার কারণে এবার নির্বাচনে তাদের এ ধরনের পরাজয় হয়েছে। তবে শিক্ষক সমিতির কার্যক্রম পরিচালনায় নতুন কমিটিকে সার্বিক সহযোগিতা তারা করবেন বলে উল্লেখ করেন তিনি।